آيَاتُ السَّكِينَةِ وَالِاطْمِئْنَانِ

প্রশান্তি ও স্থিরতার আয়াতসমূহ

সংকলন ও অনুবাদ: Raqi Hijbullah

মোট ১১টি অংশ · আরবি আয়াত ও সহজ বাংলা অর্থ

শিফার আয়াত

آيَاتُ الشِّفَاءِ

১ সূরা আত-তাওবা : ১৪

قَاتِلُوهُمْ يُعَذِّبْهُمُ اللَّهُ بِأَيْدِيكُمْ وَيُخْزِهِمْ وَيَنصُرْكُمْ عَلَيْهِمْ وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُّؤْمِنِينَ ﴿١٤﴾

অর্থ

তাদের সাথে যুদ্ধ করো; আল্লাহ তোমাদের হাত দিয়ে তাদের শাস্তি দেবেন, তাদের লাঞ্ছিত করবেন, তাদের বিরুদ্ধে তোমাদের সাহায্য করবেন এবং মুমিনদের অন্তরের কষ্ট দূর করে আরোগ্য দেবেন।

২ **সূরা ইউনুস : ৫৭**

يَا أَيُّهَا النَّاسُ قَدْ جَاءَتْكُم مَّوْعِظَةٌ مِّن رَّبِّكُمْ وَشِفَاءٌ لِّمَا فِي الصُّدُورِ وَهُدًى وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ ﴿٥٧﴾

অর্থ

হে মানুষ! তোমাদের রবের পক্ষ থেকে তোমাদের কাছে এসেছে উপদেশ, অন্তরের রোগের আরোগ্য, আর মুমিনদের জন্য হিদায়াত ও রহমত।

৩ **সূরা আন-নাহল : ৬৯**

ثُمَّ كُلِي مِن كُلِّ الثَّمَرَاتِ فَاسْلُكِي سُبُلَ رَبِّكِ ذُلُلًا ۚ يَخْرُجُ مِن بُطُونِهَا شَرَابٌ مُّخْتَلِفٌ أَلْوَانُهُ فِيهِ شِفَاءٌ لِّلنَّاسِ ۗ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِّقَوْمٍ يَتَفَكَّرُونَ ﴿٦٩﴾

অর্থ

(হে মৌমাছি!) তারপর সব রকম ফল থেকে খাও এবং তোমার রবের সহজ করে দেওয়া পথে চলো। তাদের পেট থেকে বের হয় নানা রঙের পানীয় (মধু), যাতে মানুষের জন্য আরোগ্য রয়েছে। নিশ্চয়ই এতে চিন্তাশীল লোকদের জন্য নিদর্শন আছে।

৪ **সূরা আল-ইসরা : ৮০–৮২**

وَقُل رَّبِّ أَدْخِلْنِي مُدْخَلَ صِدْقٍ وَأَخْرِجْنِي مُخْرَجَ صِدْقٍ وَاجْعَل لِّي مِن لَّدُنكَ سُلْطَانًا نَّصِيرًا ﴿٨٠﴾ وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا ﴿٨١﴾ وَنُنَزِّلُ مِنَ الْقُرْآنِ مَا هُوَ شِفَاءٌ وَرَحْمَةٌ لِّلْمُؤْمِنِينَ وَلَا يَزِيدُ الظَّالِمِينَ إِلَّا خَسَارًا ﴿٨٢﴾

অর্থ

বলো: “হে আমার রব! আমাকে যেখানে প্রবেশ করাবেন, সম্মানের সাথে প্রবেশ করান, আর যেখান থেকে বের করবেন, সম্মানের সাথে বের করুন। আর আপনার পক্ষ থেকে আমাকে সাহায্যকারী শক্তি দান করুন।” আরও বলো: “সত্য এসে গেছে, আর মিথ্যা দূর হয়ে গেছে। মিথ্যা তো দূর হওয়ারই ছিল।” আমি কুরআনে এমন জিনিস নাজিল করি, যা মুমিনদের জন্য আরোগ্য ও রহমত। আর তা জালিমদের শুধু ক্ষতিই বাড়ায়।

৫ **সূরা আশ-শু'আরা : ৭৮–৮০**

الَّذِي خَلَقَنِي فَهُوَ يَهْدِينِ ﴿٧٨﴾ وَالَّذِي هُوَ يُطْعِمُنِي وَيَسْقِينِ ﴿٧٩﴾ وَإِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِينِ ﴿٨٠﴾

অর্থ

(ইবরাহিম বললেন:) যিনি আমাকে সৃষ্টি করেছেন, তিনিই আমাকে পথ দেখান। তিনিই আমাকে খাওয়ান ও পান করান। আর যখন আমি অসুস্থ হই, তখন তিনিই আমাকে সুস্থ করেন।

৬ **সূরা ফুসসিলাত : ৪৪**

قُلْ هُوَ لِلَّذِينَ آمَنُوا هُدًى وَشِفَاءٌ ۖ وَالَّذِينَ لَا يُؤْمِنُونَ فِي آذَانِهِمْ وَقْرٌ وَهُوَ عَلَيْهِمْ عَمًى ۚ أُولَٰئِكَ يُنَادَوْنَ مِن مَّكَانٍ بَعِيدٍ ﴿٤٤﴾

অর্থ

বলো: “এই কুরআন মুমিনদের জন্য হিদায়াত ও আরোগ্য।” আর যারা ঈমান আনে না, তাদের কানে আছে বধিরতা, আর কুরআন তাদের কাছে অন্ধকারের মতো। তাদের যেন অনেক দূর থেকে ডাকা হচ্ছে (তাই তারা শুনতে পায় না)।

সাকিনার (প্রশান্তির) আয়াত آيَاتُ السَّكِينَةِ

১ **সূরা আল-বাকারা : ২৪৮**

وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ إِنَّ آيَةَ مُلْكِهِ أَن يَأْتِيَكُمُ التَّابُوتُ فِيهِ سَكِينَةٌ مِّن رَّبِّكُمْ وَبَقِيَّةٌ مِّمَّا تَرَكَ آلُ مُوسَىٰ وَآلُ هَارُونَ تَحْمِلُهُ الْمَلَائِكَةُ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لَّكُمْ إِن كُنتُم مُّؤْمِنِينَ ﴿٢٤٨﴾

অর্থ

তাদের নবী তাদের বললেন: “তালূতের রাজত্বের নিদর্শন হলো, তোমাদের কাছে সেই সিন্দুকটি আসবে, যাতে থাকবে তোমাদের রবের পক্ষ থেকে প্রশান্তি (সাকিনা), আর মূসা ও হারুনের পরিবারের রেখে যাওয়া কিছু জিনিস। ফেরেশতারা সেটা বহন করে আনবে। তোমরা যদি মুমিন হও, তবে নিশ্চয়ই এতে তোমাদের জন্য নিদর্শন রয়েছে।”

২ **সূরা আত-তাওবা : ২৬**

ثُمَّ أَنزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَىٰ رَسُولِهِ وَعَلَى الْمُؤْمِنِينَ وَأَنزَلَ جُنُودًا لَّمْ تَرَوْهَا وَعَذَّبَ الَّذِينَ كَفَرُوا ۚ وَذَٰلِكَ جَزَاءُ الْكَافِرِينَ ﴿٢٦﴾

অর্থ

তারপর আল্লাহ তাঁর রাসূল ও মুমিনদের উপর তাঁর প্রশান্তি (সাকিনা) নাজিল করলেন, আর এমন সৈন্যবাহিনী পাঠালেন যাদের তোমরা দেখোনি। আর তিনি কাফিরদের শাস্তি দিলেন। এটাই কাফিরদের প্রতিদান।

৩ **সূরা আত-তাওবা : ৪০**

إِلَّا تَنصُرُوهُ فَقَدْ نَصَرَهُ اللَّهُ إِذْ أَخْرَجَهُ الَّذِينَ كَفَرُوا ثَانِيَ اثْنَيْنِ إِذْ هُمَا فِي الْغَارِ إِذْ يَقُولُ لِصَاحِبِهِ لَا تَحْزَنْ إِنَّ اللَّهَ مَعَنَا ۖ فَأَنزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ وَأَيَّدَهُ بِجُنُودٍ لَّمْ تَرَوْهَا وَجَعَلَ كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَىٰ ۗ وَكَلِمَةُ اللَّهِ هِيَ الْعُلْيَا ۗ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ ﴿٤٠﴾

অর্থ

তোমরা যদি রাসূলকে সাহায্য না করো, তবে (জেনে রাখো) আল্লাহ তো তাঁকে সাহায্য করেছিলেন — যখন কাফিররা তাঁকে বের করে দিয়েছিল, তিনি ছিলেন দুজনের একজন। যখন তাঁরা দুজন গুহায় ছিলেন, তিনি তাঁর সঙ্গীকে বলছিলেন: “দুঃখ কোরো না, নিশ্চয়ই আল্লাহ আমাদের সাথে আছেন।” তখন আল্লাহ তাঁর উপর তাঁর প্রশান্তি নাজিল করলেন, এমন সৈন্য দিয়ে তাঁকে শক্তিশালী করলেন যাদের তোমরা দেখোনি, আর কাফিরদের কথাকে নিচু করে দিলেন। আল্লাহর কথাই সবসময় সবার উপরে। আর আল্লাহ মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়।

৪ **সূরা আল-ফাতহ : ৪**

هُوَ الَّذِي أَنزَلَ السَّكِينَةَ فِي قُلُوبِ الْمُؤْمِنِينَ لِيَزْدَادُوا إِيمَانًا مَّعَ إِيمَانِهِمْ ۗ وَلِلَّهِ جُنُودُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا ﴿٤﴾

অর্থ

তিনিই মুমিনদের অন্তরে প্রশান্তি নাজিল করেছেন, যাতে তাদের ঈমানের সাথে আরও ঈমান বেড়ে যায়। আকাশ ও পৃথিবীর সব বাহিনী আল্লাহরই। আর আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

৫ **সূরা আল-ফাতহ : ১৮**

لَّقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِي قُلُوبِهِمْ فَأَنزَلَ السَّكِينَةَ عَلَيْهِمْ وَأَثَابَهُمْ فَتْحًا قَرِيبًا ﴿١٨﴾

অর্থ

আল্লাহ অবশ্যই মুমিনদের উপর সন্তুষ্ট হয়েছেন, যখন তারা গাছের নিচে তোমার হাতে বাইআত (অঙ্গীকার) করছিল। তাদের অন্তরে কী আছে, তিনি তা জানতেন। তাই তিনি তাদের উপর প্রশান্তি নাজিল করলেন এবং পুরস্কার হিসেবে তাদের দিলেন আসন্ন বিজয়।

বাংলা অর্থ সহজ ভাষায় ভাবানুবাদ। আরবি লেখা ছাপানো বা সংরক্ষণের আগে একটি মুসহাফের সাথে মিলিয়ে নেওয়ার অনুরোধ রইল।